# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ১১তম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৫৩০ অফিস ও প্রায় ৫,৫৮৫ জন জনবল দ্বারা ২৬টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় অক্টোবর-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' একাদশ সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনায়ঃ

**সম্পাদক ঃ**

**ড. খন্দকার আলমগীর হোসেন,** ক্যাপস্টোন ফেলো-এনডিসি
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**

**ড. মোঃ মাহবুব আলম,** সিনিয়র পরিচালক
**মোঃ আরমান হোসেন,** উপ-পরিচালক
**মোঃ জিয়া উদ্দিন সরদার**
সহকারী পরিচালক, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**

**কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ**
**গ্রাম উন্নয়ন কর্ম (গাক)**
**গাক টাওয়ার, বনানী, বগুড়া।**
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999





## অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে চ্যানেল আই-এ বিশেষ অনুষ্ঠানে গাক'র নির্বাহী পরিচালক

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সৌজন্যে এবং ক্রেডিট এন্ড ডেভলপমেন্ট ফোরাম (সিডিএফ) এর আয়োজনে বিশেষ আলোচনা অনুষ্ঠান "অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে এমএফআই" সম্প্রতি চ্যানেল আই-এ সম্প্রচারিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তাঁর বক্তব্যে তিনি বলেন, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করতে এমএফআইগুলোকে শুধু ঋণ প্রদানেই সীমাবদ্ধ না থেকে উদ্যোক্তা উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, নারী ক্ষমতায়ন এবং টেকসই জীবিকায়ন কার্যক্রমে আরও সক্রিয় ভূমিকা রাখতে হবে। তিনি আরও উল্লেখ করেন, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) দীর্ঘদিন ধরে প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং এমএফআই খাতকে স্বচ্ছতা, জবাবদিহিতা ও মানবিক মূল্যবোধের সমন্বয়ে এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য বিমোচনে এমএফআই-এর অবদান, নীতিগত চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচকদের বাস্তব অভিজ্ঞতা ও মতামতে অনুষ্ঠানটি হয়ে ওঠে প্রাণবন্ত ও তথ্যসমৃদ্ধ।



## SAARC Agriculture Centre (SAC) এর প্রতিনিধিগণ কর্তৃক গাক'র কার্যক্রম পরিদর্শন এবং মতবিনিময় সভা অনুষ্ঠিত

১৮ অক্টোবর ২০২৫ তারিখে SAARC Agriculture Centre (SAC) এর প্রতিনিধিগণ কর্তৃক গাক'র প্রধান কার্যালয় পরিদর্শন এবং মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার এর সঞ্চালনায় গাক'র কার্যক্রমের উপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি প্রতিনিধিগণকে গাক'র কার্যক্রম পরিদর্শনের জন্য আন্তরিক ধন্যবাদ জানান এবং বলেন গাক দীর্ঘদিন ধরে সমগ্র কৃষি সেক্টরের উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিক্ষা ও স্বাস্থ্য সেবার পাশাপাশি কারিগরি শিক্ষা, যুব উন্নয়ন ও ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নে কাজ করে আসছে। SAARC Agriculture Centre এর প্রতিনিধিদের এই পরিদর্শন আমাদের জন্য অত্যন্ত সম্মানজনক ও উৎসাহব্যঞ্জক। আমরা বিশ্বাস করি, আঞ্চলিক সহযোগিতা ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে কৃষি ও গ্রামীণ উন্নয়নে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণ সম্ভব। গাক ভবিষ্যতে SAARC-এর সঙ্গে যৌথভাবে কাজ করে কৃষি প্রযুক্তি, প্রশিক্ষণ ও উদ্যোক্তা উন্নয়নে অবদান রাখতে আগ্রহী। SAARC Agriculture Centre (SAC) এর প্রতিনিধিগণদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (সার্ক কৃষি কেন্দ্র), ড. মো. হারুনুর রশিদ, প্রকল্প সমন্বয়কারী ড. মো. ইউনুস আলী, (লাইভলিহুড প্রজেক্ট) এবং এসপিএস সার্ক কৃষি কেন্দ্র, প্রোগ্রাম অফিসার, এসডিএফ থিম্পু, ভুটান মিসেস কিনলে জাম, মিঃ কুয়েঙ্গা তেনজিন (কৃষি বিপণন বিভাগ), মিসেস জিবিন থমাস এমএসএসআরএফ, ভারত, মিসেস সিনিভাসন রামালিঙ্গম এমএসএসআরএফ, ভারত, মিসেস মারিয়াম সিমলা, পরিচালক, কৃষি ও প্রাণী কল্যাণ মন্ত্রণালয়, মালদ্বীপ, মি: আবুল বাশার এসপিও (প্রকাশনা) SAC। সভায় আরও উপস্থিত ছিলেন গাক'র পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সা'আদাত, উপ-পরিচালক মোহাম্মাদ আরমান হোসেন। সভায় SAARC Agriculture Centre (SAC) এর প্রতিনিধিগণ গাক'র বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে পারস্পরিক সহযোগিতার সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১




## গাক ইনস্টিটিউট অব টেকনোলজি (জিআইটি) এর উদ্যোগে 2D, 3D, CAD Level-3 ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন

"কারিগরি শিক্ষা নিলে, বিশ্বজুড়ে কর্ম মিলে" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্বব্যাংক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে ASSET প্রকল্পের আওতায় CISC এর সহযোগীতায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর অধীনে ১৫ অক্টোবর ২০২৫ তারিখে ৩ মাস মেয়াদি (৩৬০ ঘন্টা) প্রশিক্ষণ কোর্সে গাক ইনস্টিটিউট অব টেকনোলজি (জিআইটি) এর উদ্যোগে 2D, 3D, CAD Level-3 ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি বলেন- "বর্তমান বিশ্বে কারিগরি দক্ষতা অর্জন ছাড়া টিকে থাকা কঠিন। ডিজিটাল প্রযুক্তির এই যুগে 2D, 3D ও CAD-এর মতো ট্রেডগুলো তরুণদের জন্য কর্মসংস্থানের নতুন দিগন্ত উন্মোচন করছে। গাক ইনস্টিটিউট অব টেকনোলজি (জিআইটি) সবসময়ই দক্ষতা উন্নয়নের মাধ্যমে যুব সমাজকে আত্মনির্ভরশীল করে তুলতে কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন- "ASSET প্রকল্পের মাধ্যমে আমরা যে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছি, তা শুধু একটি কোর্স নয়-এটি একটি ভবিষ্যতের ভিত্তি। আমি আশা করি, প্রশিক্ষণার্থীরা এই সুযোগকে কাজে লাগিয়ে নিজেদের দক্ষ করে তুলবে এবং দেশ ও সমাজের উন্নয়নে ভূমিকা রাখবে।" উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) মোঃ সাইদুল ইসলাম, সিনিয়র ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসার মোঃ মহিদুল ইসলাম, সিনিয়র ইন্সট্রাক্টর (জিআইটি) মোঃ ইব্রাহীম হুসাইন, ইন্সট্রাক্টর (অটো ক্যাড) তাজ মুহাম্মদ, ইন্সট্রাক্টর (অটো ক্যাড) মোঃ মেহেদী হাসান সহ জিআইটি'র কর্মকর্তাবৃন্দ।



## আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৫ উদযাপনে গাক'র অংশগ্রহণ

"সমন্বিত উদ্যোগ, প্রতিরোধ করি দুর্যোগ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বগুড়া'র আয়োজনে ১৩ অক্টোবর ২০২৫ তারিখে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর, বগুড়ায়, আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৫ উদযাপন উপলক্ষে অগ্নিকান্ড ও ভূমিকম্প বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) স্বতঃস্ফূর্তভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ করে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হোসনা আফরোজা, (যুগ্মসচিব) জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া। তিনি তার বক্তব্যে বলেন-"দুর্যোগ মোকাবিলায় জনসচেতনতা ও প্রস্তুতির কোনো বিকল্প নেই। সরকার দুর্যোগ ব্যবস্থাপনাকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তবে শুধু সরকারি উদ্যোগ যথেষ্ট নয়-বেসরকারি সংস্থা, স্বেচ্ছাসেবী সংগঠন ও সাধারণ জনগণের সম্মিলিত অংশগ্রহণই পারে দুর্যোগের ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে।" তিনি আরও বলেন, "গাক-এর মতো উন্নয়ন সংগঠনগুলো মাঠপর্যায়ে দুর্যোগ সচেতনতা ও প্রশিক্ষণ কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, যা অত্যন্ত প্রশংসনীয়।" আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফায়ার সার্ভিস প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি, বিভিন্ন এনজিও প্রতিনিধি ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান শেষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পক্ষ থেকে দুর্যোগ প্রস্তুতি বিষয়ক একটি সচেতনতামূলক মহড়া অনুষ্ঠিত হয়, যেখানে গাক-এর প্রতিনিধিরাও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এই আয়োজনের মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সমন্বিত উদ্যোগের গুরুত্ব ও সচেতনতার বার্তা ছড়িয়ে পরে জেলার সর্বস্তরের মানুষের মাঝে।




## বগুড়ায় 'সামাজিক নিরীক্ষা' বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

"সাম্য ও সমতার বাংলাদেশ: জনগণের অংশগ্রহণে টেকসই উন্নয়ন" শীর্ষক কার্যক্রমের আওতায় ১৫ অক্টোবর ২০২৫ তারিখে গাক কনফারেন্স হল রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় একটি অবহিতকরণ সামাজিক নিরীক্ষা' বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে গাবতলী, সারিয়াকান্দি, শিবগঞ্জ ও শাজাহানপুর উপজেলা থেকে পূর্বে গঠিত নাগরিক গ্রুপের ৮০ জন সদস্য, ৪ জন কমিউনিটি ভলান্টিয়ার এবং ফিল্ড কো-অর্ডিনেটর অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের উদ্বোধনী সেশনে বক্তব্য প্রদান করেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং সিপিডি'র অতিরিক্ত পরিচালক (ডায়ালগ এন্ড আউটরিচ) অভ্র ভট্টাচার্য। তারা তাদের বক্তব্যে সামাজিক নিরীক্ষার মাধ্যমে স্থানীয় পর্যায়ে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় এ প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরেন। প্রশিক্ষণের মূল সেশন পরিচালনা করেন নাগরিকতা কর্মসূচির প্রকল্প পরামর্শক মোজাহিদুল ইসলাম, মোঃ জাওয়াদুল করিম, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন এসোসিয়েট, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি); কর্মসূচির ৪ জন কমিউনিটি ভলান্টিয়ার ও ফিল্ড কোঅর্ডিনেটর। প্রশিক্ষণের মূল সেশনে এসডিজি অর্জন ও সুশাসন বাস্তবায়নে সামাজিক নিরীক্ষার ভূমিকা, মানবাধিকারভিত্তিক পদ্ধতি (HRBA), কাউকে পিছিয়ে রেখে নয় (LNOB) এবং জেন্ডার সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি (GESI) এর মতো গুরুত্বপূর্ণ নীতিমালার আলোকে সামাজিক নিরীক্ষার প্রক্রিয়া ও পদ্ধতি বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়াও প্রশিক্ষণে সামাজিক নিরীক্ষার জন্য প্রয়োজনীয় জরিপ প্রশ্নাবলী উপস্থাপন, ফোকাস গ্রুপ আলোচনা (এফজিডি) ও কেআইআই ফরম্যাট পরিচয় করানো হয় এবং ডাটা সংগ্রহ ও মাঠপরিকল্পনার উপর মক ট্রায়াল ও দলীয় অনুশীলনের আয়োজন করা হয়। এতে অংশগ্রহণকারীরা সরাসরি অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে সামাজিক নিরীক্ষা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় দক্ষতায় সমৃদ্ধ হন। উল্লেখ্য যে, সুইজারল্যান্ড ও কানাডা সরকারের যৌথ সমর্থনে GFA Consulting Group GmbH এর ব্যবস্থাপনায় সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)'র বাস্তবায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সহযোগিতায় নাগরিকতা কার্যক্রমটি বগুড়া জেলায় বাস্তবায়িত হচ্ছে।




## সারিয়াকান্দিতে আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৫ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে পরিচালিত "সমৃদ্ধি কর্মসূচি"-এর আওতায় বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কুতুবপুর ইউনিয়নে ০৭ অক্টোবর ২০২৫ ইং তারিখে "আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৫" উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ বছরের প্রতিপাদ্য ছিল "একদিন তুমি পৃথিবী গড়েছো, আজ আমি স্বপ্ন গড়বো, সযত্নে তোমায় রাখবো আগলে।" অনুষ্ঠানে স্থানীয় প্রবীণ নাগরিকদের মর্যাদা, অধিকার ও সার্বিক কল্যাণ নিশ্চিতকরণ বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করা হয়। র‍্যালিতে সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার প্রবীণ নারী ও পুরুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। আলোচকরা বলেন, প্রবীণরা সমাজের অভিজ্ঞতা ও জ্ঞানের এক অমূল্য ভান্ডার। সমাজ ও দেশের উন্নয়নে তাদের অবদান অনস্বীকার্য এবং নতুন প্রজন্মের জন্য তারা অনুপ্রেরণার উৎস। প্রবীণদের প্রতি সম্মান, যত্ন ও সহযোগিতামূলক মনোভাব গড়ে তোলার ওপর বক্তারা বিশেষ গুরুত্ব আরোপ করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল উৎপাদন ও বাজার উন্নয়নে কৃষকদের মাঝে ভুট্টা বীজ ও সার বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এবং ব্র্যাক ব্যাংক পিএলসি-এর আর্থিক সহায়তায় পরিচালিত "চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় বগুড়া জেলার সারিয়াকান্দি ও ধুনট উপজেলার চরাঞ্চলে কৃষকদের মাঝে ভুট্টা বীজ ও সার বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। এই প্রকল্পের মূল লক্ষ্য হলো চরাঞ্চলের প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের উচ্চ মূল্যের ফসল চাষে উদ্বুদ্ধ করা, আধুনিক কৃষি প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা এবং উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার মাধ্যমে তাদের আয় ও জীবনমান উন্নয়ন করা। এরই ধারাবাহিকতায় প্রকল্পভুক্ত ৬০ জন কৃষককে ভুট্টা চাষের জন্য প্রয়োজনীয় মানসম্মত ভুট্টা বীজ ও সার প্রদান করা হয়। ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত এই বিতরণ কার্যক্রমে কৃষকদের আধুনিক পদ্ধতিতে ভুট্টা চাষ, সঠিক সময়ে সার প্রয়োগ, রোগবালাই দমন এবং বাজারজাতকরণ বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়। এতে করে কৃষকরা উৎপাদন ব্যয় কমিয়ে অধিক ফলন অর্জনের সুযোগ পাবেন বলে আশা করা হচ্ছে। প্রকল্প সংশ্লিষ্টরা জানান, এই উদ্যোগের মাধ্যমে চরাঞ্চলের কৃষিতে বৈচিত্র্য আসবে, কৃষকদের ঝুঁকি কমবে এবং টেকসই কৃষি ব্যবস্থার বিকাশ ঘটবে। ভবিষ্যতে এই ধরনের কার্যক্রম আরও সম্প্রসারণের মাধ্যমে চরাঞ্চলের কৃষকদের অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করার পরিকল্পনা রয়েছে।



## চিকেন কুপ মডেল পদ্ধতিতে দেশি মুরগি পালন

এটি একজন হতদরিদ্র ও প্রতিবন্ধী মানুষের সংগ্রামী জীবনের গল্প-যার এই পৃথিবীতে আপন বলতে হাতে গোনা কয়েকজন মানুষই রয়েছে। নানা প্রতিকূলতার মাঝেও তিনি হাল না ছেড়ে আত্মনির্ভর হওয়ার স্বপ্ন দেখছেন। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ড্যানিডা ও পিকেএসএফ-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্প-এর আওতায় বগুড়া জেলার কাহালু উপজেলার ভালশুন ইউনিয়নে তিনি আধুনিক চিকেন কুপ মডেল পদ্ধতিতে দেশি মুরগি পালন করছেন। পাশাপাশি তিনি দেশীয় পদ্ধতিতে মুরগি পালন ও ডিম উৎপাদনের মাধ্যমে আয় সৃষ্টি করছেন। তার এই খামারকে আরও সম্প্রসারণ এবং স্বাবলম্বী হওয়ার পথকে সুদৃঢ় করতে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর পক্ষ থেকে তাকে ২০,০০০ টাকা ক্ষুদ্র সহযোগিতা প্রদান করা হয়। এই সহায়তার মাধ্যমে তিনি তার উদ্যোগকে এগিয়ে নিতে এবং একটি সম্মানজনক জীবিকা গড়ে তুলতে আশাবাদী।




## "তারুণ্যের উৎসব ২০২৫" উপলক্ষে সারিয়াকান্দিতে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে ২৫ অক্টোবর ২০২৫ তারিখে দেবডাঙ্গা, কুতুবপুর, সারিয়াকান্দি, বগুড়ায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে পরিচালিত সমৃদ্ধি কর্মসূচি-এর আওতায় বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলায় স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্থানীয় জনগণের জন্য স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। উক্ত সেবা কর্মসূচিতে রোগী দেখেন ডা. মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া। এই উদ্যোগের মাধ্যমে সাধারণ জনগণ, বিশেষ করে নারী ও তরুণরা প্রয়োজনীয় প্রাথমিক স্বাস্থ্যসেবা ও চিকিৎসা পরামর্শ গ্রহণের সুযোগ পান।

## চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় কৃষকদের মাঝে ত্রিপল বিতরণ



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এবং ব্র্যাক ব্যাংক পিএলসি-এর আর্থিক সহায়তায় পরিচালিত "চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় বগুড়া জেলার সারিয়াকান্দি ও ধুনট উপজেলার চরাঞ্চলের কৃষকদের মাঝে ত্রিপল বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। এই প্রকল্পের আওতায় মোট ৬০ জন কৃষককে উচ্চ মূল্যের ফসল হিসেবে মরিচ ও ভুট্টা চাষ ও শুকানোর জন্য প্রয়োজনীয় ত্রিপল প্রদান করা হয়। এর মাধ্যমে ফসল শুকানো ও সংরক্ষণ প্রক্রিয়ায় গুণগত মান বজায় রাখা এবং পরবর্তী বাজারজাতকরণে কৃষকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য রাখা হয়েছে। উক্ত ত্রিপল বিতরণ কার্যক্রমটি ৩০ অক্টোবর ২০২৫ তারিখে সফলভাবে সম্পন্ন হয়। ত্রিপল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা কৃষি অফিসার, সারিয়াকান্দি, বগুড়া। এছাড়াও অনুষ্ঠানে প্রকল্পের কর্মকর্তা বৃন্দ উপস্থিত থেকে কৃষকদের প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।
প্রকল্প সংশ্লিষ্টরা জানান, এই উদ্যোগের মাধ্যমে চরাঞ্চলের কৃষকদের ফসল পরবর্তী ক্ষয়ক্ষতি কমবে এবং বাজারে ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা করবে। ভবিষ্যতেও চরাঞ্চলের কৃষি উন্নয়নে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## সরকারি প্রাথমিক বিদ্যালয়ে "স্কুল ফিডিং" কর্মসূচির শুভ উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)-এর অর্থায়ন ও কারিগরি সহায়তায় সারা দেশের ১৫০টি উপজেলায় প্রাথমিক পর্যায়ে স্কুল ফিডিং কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এই উদ্যোগের উদ্দেশ্য হলো সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পুষ্টিগত চাহিদা পূরণ, তাদের সুস্বাস্থ্য নিশ্চিত করা এবং বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধি করা। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) রাজশাহী বিভাগের মোট ১২টি উপজেলায় এই কর্মসূচির বাস্তবায়ন করছে। কর্মসূচির অংশ হিসেবে গতকাল উক্ত ১২টি উপজেলায় অবস্থিত ১,৫৯২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মোট ২,৪৬,১০৩ জন শিক্ষার্থীর মাঝে পুষ্টিমানসমৃদ্ধ শিশু খাদ্য বিতরণ করা হয়েছে। প্রতিটি উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বিদ্যালয় সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ এবং গাক-এর প্রতিনিধিদের উপস্থিতিতে সুষ্ঠুভাবে খাদ্য বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়। অনুষ্ঠানস্থলে উপস্থিত সকলেই এই কর্মসূচিকে শিক্ষার্থীদের সার্বিক উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী হিসেবে অভিহিত করেন। প্রত্যাশা করা যায়, পুষ্টিকর এই খাদ্য শিক্ষার্থীদের শারীরিক বিকাশে সহায়ক হবে, পুষ্টির ঘাটতি কমাবে, মানসিক ও বুদ্ধিবিকাশে ভূমিকা রাখবে, এবং সর্বোপরি বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে। এই স্কুল ফিডিং কর্মসূচি প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও শিশুশিক্ষার টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



## চূড়ান্ত দেনা-পাওনা ও স্টাফ সিকিউরিটি বেনিফিট এর চেক হস্তান্তর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) পরিবার কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছে প্রিয় সহকর্মী, সিরাজগঞ্জ কামারখন্দ শাখার প্রয়াত সিনিয়র শাখা ব্যবস্থাপক মরহুম মোঃ মুরাদ হোসেন-কে। তার প্রতি সম্মান ও তার পরিবারের প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে তাঁর চূড়ান্ত দেনা-পাওনা ও স্টাফ সিকিউরিটি বেনিফিটের চেক পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এই মানবিক মুহূর্তে উপস্থিত ছিলেন, পরিচালক (এসএমএপি) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সা'আদাত, যুগ্ম-পরিচালক (ফাইন্যান্স এন্ড একাউন্টস) মোঃ রাফিউল ইসলাম ও মোঃ খোরশেদ আলম, উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার, সহকারী পরিচালক (প্রশাসন) মোঃ সাইদুল ইসলাম সহ অন্যান্য দায়িত্বশীল কর্মকর্তাবৃন্দ। গাক পরিবার সর্বদা সহকর্মীদের প্রতি দায়বদ্ধতা ও দায়িত্ববোধ পালনে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। আমরা মরহুমের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর পরিবারের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।



## গাক কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি-ডেইরী প্রকল্পের আওতায় উদ্যোক্তা পর্যায়ে "পণ্য ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ"

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় আরএমটিপি প্রকল্পের 'নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন' উপ-প্রকল্পের আওতায় উদ্যোক্তা পর্যায়ে "পণ্য ব্র্যান্ডিং ও মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ" ২৫ অক্টোবর ২০২৫ তারিখে গাক প্রশিক্ষণ কেন্দ্র, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ বিষয়ক কর্মশালায় ১ম ব্যাচে মোট ৫০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি বলেন, বর্তমান বাজার ব্যবস্থায় প্রতিযোগিতায় টিকে থাকতে হলে পণ্যের গুণগত মানের পাশাপাশি ব্র্যান্ডিং ও সঠিক মার্কেটিং কৌশল গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার সম্প্রসারণে এই প্রশিক্ষণ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি আরও বলেন, গাক দীর্ঘদিন ধরে পিকেএসএফ'র সহায়তায় উদ্যোক্তা উন্নয়নে কাজ করে যাচ্ছে। এই প্রশিক্ষণ উদ্যোক্তাদের পণ্যের পরিচিতি বৃদ্ধি, ক্রেতার আস্থা অর্জন এবং বাজারে টেকসই অবস্থান নিশ্চিত করতে সহায়ক হবে। এছাড়াও প্রশিক্ষণে উপস্থিত ছিলেন গাক'র উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সহকারী পরিচালক মোঃ জিয়াউদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমান সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন নাসিক প্ল্যান্ট অ্যান্ড পট এর স্বত্বাধিকারী মোঃ শাহীনুর ইসলাম সহ সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দ, যারা পণ্যের ব্র্যান্ডিং, ডিজিটাল মার্কেটিং, প্যাকেজিং, গ্রাহক সেবা বিশ্লেষণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অংশগ্রহণকারীদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন।




## গ্রামীণ কমিউনিকেশন এর উচ্চ পদস্থ কর্মকর্তাদের সাথে বৈঠক

ইফাদ ও ড্যানিডার আর্থিক সহায়তায়, পিকেএসএফের সহযোগিতায় এবং গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্টের পোল্ট্রির উপ প্রকল্পের আওতায় উদ্যোক্তা মোসাম্মৎ সেলিনা আক্তার চম্পা নতুন পণ্য মুরগির মাংসের আচার ও বালাচাও তৈরি শুরু করেছেন। এর অংশ হিসেবে ১০ নভেম্বর ২০২৫, বিকাল ৩ টায় খান্দার বাজারে নতুন পণ্যের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উদ্যোক্তা বর্তমানে তিনটি স্বাদে পণ্য উৎপাদন করছেন - ফ্যান্টাসি চিকেন আচার, চিকেন ঝুড়ি আচার, বালাচাও। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় গন্যমান্য ব্যক্তি, ফুড ব্লগার, উদ্যোক্তা ও প্রকল্প ব্যবস্থাপক সহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উপস্থিত অতিথিবৃন্দ আশা করেন স্থানীয় উদ্যোক্তা উন্নয়নে এই উদ্যোগ একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## বগুড়ার শেরপুরে মিট প্রসেসিং প্লান্টের শুভ উদ্বোধন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ইফাদ, ড্যানিডা ও পিকেএসএফ-এর আর্থিক ও কারিগরি সহায়তায় রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-ডেইরি প্রকল্পের আওতায় বগুড়ার শেরপুরে একটি আধুনিক মিট প্রসেসিং প্লান্ট স্থাপন করা হয়েছে। উক্ত মিট প্রসেসিং প্লান্টের শুভ উদ্বোধন করেন বগুড়া জেলার জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. কাজী আশরাফুল ইসলাম। গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোছাঃ নাছরীন পারভীন, শেরপুর উপজেলার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোঃ নিয়াজ কাজমীর রহমান এবং ভেটেরিনারি সার্জন ডা. মোঃ জাহিদুর রহমান। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র আরএমটিপি (ডেইরি) প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার ডা. মোঃ জিয়াউর রহমান, আরএমটিপি (পোল্ট্রি) প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার ডা. মাহমুদ, মনিটরিং অফিসার, ভিসিএফ সদস্যবৃন্দ এবং বিভিন্ন পর্যায়ের উদ্যোক্তারা। উপস্থিত অতিথিবৃন্দ এ ধরনের একটি আধুনিক ও সময়োপযোগী উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। তারা নিরাপদ ও মানসম্মত মাংস সরবরাহ নিশ্চিতকরণে এই মিট প্রসেসিং প্লান্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং এ উদ্যোগের জন্য পিকেএসএফ ও গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল শহীদদের প্রতি গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর পক্ষ থেকে জানাই গভীর শ্রদ্ধা ও বিনম্র ভালোবাসা। মহান বিজয় দিবস আমাদের স্বাধীনতা, আত্মমর্যাদা ও জাতীয় গৌরবের প্রতীক। এই দিনে আমরা শপথ করি-একটি সমৃদ্ধ, ন্যায়ভিত্তিক ও উন্নত বাংলাদেশ গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাব। শহীদদের আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশের উন্নয়নে গাক তার অঙ্গীকার অব্যাহত রাখবে।



## গাক'র আয়োজনে শিক্ষাবৃত্তি ও শিক্ষা উপকরণের জন্য অনুদান প্রদান

২৩ নভেম্বর ২০২৫ তারিখে 'The Education & Health Support of Displaced People of Burma and Indigenous Bangladeshi Nationals and Financial aid for Rohingya camp & Host Community at Cox's Bazar' প্রকল্পের আওতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আয়োজনে কক্সবাজার সদর উপজেলা প্রশাসন পরিচালিত শাপলা কুঁড়ি কচিকাঁচা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণের জন্য উপজেলা নিবার্হী অফিসার জনাব নীলুফা ইয়াসমিন চৌধুরীর মাধ্যমে ১ লক্ষ টাকার অনুদান প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন প্রাথামিক, ৫০ জন মাধ্যমিক, ৪০ জন উচ্চ মাধ্যমিক ও ২০ জন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীসহ মোট ১৬০ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। শিক্ষাবৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা সরাসরি উপকৃত হয়েছেন এবং ভবিষ্যতে তাদের শিক্ষা জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হবেন বলে আমরা বিশ্বাস করি।

## আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৫ ও জাতীয় প্রবাসী দিবস-২০২৫ এ গাক'র অংশগ্রহণ



"আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৫" ও "জাতীয় প্রবাসী দিবস-২০২৫" উপলক্ষ্যে ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে জেলা প্রশাসন, বগুড়া-এর সার্বিক তত্ত্বাবধানে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), বগুড়া, প্রবাসী কল্যাণ সেন্টার, বগুড়া, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বগুড়া এবং প্রবাসী কল্যাণ ব্যাংক, বগুড়া-এর যৌথ আয়োজনে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), বগুড়ায় একদিনব্যাপী জব ফেয়ার অনুষ্ঠিত হয়। উক্ত জব ফেয়ারে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। গাক-এর পক্ষ থেকে আগত চাকরি প্রত্যাশী, প্রশিক্ষণার্থী ও প্রবাসগামীদের জন্য বিদেশে নিরাপদ অভিবাসন, দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ, প্রবাসীদের অধিকার ও কল্যাণ বিষয়ক তথ্য প্রদান করা হয়। পাশাপাশি গাক-এর চলমান মাইক্রোফাইন্যান্স, শিক্ষা, নিরাপদ কৃষি, স্বাস্থ্য ও বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কেও দর্শনার্থীদের অবহিত করা হয়। প্রকল্প সংশ্লিষ্টরা জানান, এই উদ্যোগের মাধ্যমে চরাঞ্চলের কৃষকদের ফসল পরবর্তী ক্ষয়ক্ষতি কমবে এবং বাজারে ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা করবে। ভবিষ্যতেও চরাঞ্চলের কৃষি উন্নয়নে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## SMART প্রকল্পের আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের "Training for RECP (Resource Efficient and Cleaner Production)" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর অর্থায়নে Sustainable Microenterprise & Resilient Transformation (SMART) প্রকল্পের আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের "(Training for RECP (Resource Efficient and Cleaner Production)" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচির শুরুতে গাক-এর সহকারী পরিচালক জিয়া উদ্দিন সরদার স্বাগত বক্তৃতার মাধ্যমে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং তীব্র শীত উপেক্ষা করে দূর-দূরান্ত থেকে প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য অংশগ্রহণকারীদের প্রতি সংস্থার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আল সানাউল কবির, ট্রেনিং কো-অর্ডিনেটর এবং মোঃ শহিদুল ইসলাম, সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স। দিনব্যাপী প্রশিক্ষণে RECP-এর মৌলিক ধারণা, গার্মেন্টস উৎপাদনে রিসোর্স এফিসিয়েন্সি প্রয়োগের ধাপসমূহ, এনার্জি ও পানি ব্যবহারের অপটিমাইজেশন, উৎপাদন প্রক্রিয়ায় পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার, বর্জ্য ও নিঃসরণ ব্যবস্থাপনা, কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পরিবেশগত ঝুঁকি হ্রাসের কৌশল নিয়ে বিশদ আলোচনা করা হয়। বাস্তব উদাহরণ ও কেস স্টাডির মাধ্যমে অংশগ্রহণকারীদের সামনে RECP বাস্তবায়নের সফল অভিজ্ঞতা উপস্থাপন করা হয়। অংশগ্রহণকারীগণ প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে সময়োপযোগী ও বাস্তবমুখী এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য গাক, পিকেএসএফ এবং বিশ্বব্যাংকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রশিক্ষণের শেষে সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম অংশগ্রহণকারীদের সারাদিনব্যাপী প্রশিক্ষণের শিখন যাচাই করেন এবং প্রশিক্ষণে অর্জিত জ্ঞান বাস্তবে প্রয়োগের মাধ্যমে পরিবেশবান্ধব ও টেকসই উৎপাদন ব্যবস্থায় নিজেদের খাপ খাইয়ে নেওয়ার আহ্বান জানিয়ে প্রশিক্ষণ কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।



## গাক-এর আয়োজনে SMART প্রকল্পের আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের Training for E-commerce Based Marketing অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এবং বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর অর্থায়নে পরিচালিত Sustainable Microenterprise & Resilient Transformation (SMART) প্রকল্প-এর আওতায় মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের "Training for E-commerce based Marketing" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ০৮ ডিসেম্বর ২০২৫ তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের শুরুতে গাক-এর সহকারী পরিচালক জিয়া উদ্দিন সরদার স্বাগত বক্তব্য প্রদান করেন এবং SMART প্রকল্পের লক্ষ্য ও মিনি গার্মেন্টস উপ-প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা তুলে ধরেন। দিনব্যাপী প্রশিক্ষণে ই-কমার্সের মৌলিক ধারণা, অনলাইন মার্কেটিং ও ব্র্যান্ডিং, সোশ্যাল মিডিয়া ও ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের কৌশল, ফেসবুক পেজ ও ডিজিটাল স্টোর সেটআপ, অনলাইন অর্ডার ও ডিজিটাল পেমেন্ট ব্যবস্থাপনা, কনটেন্ট পরিকল্পনা এবং অনলাইন ক্যাম্পেইন পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আল সানাউল কবির, ট্রেনিং কো-অর্ডিনেটর (ই-কমার্স ও মার্কেটিং) এবং মোঃ মাজহারুল ইসলাম, টেকনিক্যাল অফিসার, SMART প্রকল্প। প্রশিক্ষণের শেষে গাক-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম অংশগ্রহণকারীদের শিখন মূল্যায়ন করেন এবং অর্জিত জ্ঞান বাস্তব কাজে প্রয়োগের মাধ্যমে আধুনিক প্রযুক্তিনির্ভর বাজার ব্যবস্থায় নিজেদের সক্ষমতা বৃদ্ধির আহ্বান জানান।



## অরবিস ইন্টারন্যাশনাল-এর কান্ট্রি ডিরেক্টর এর গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন

অরবিস ইন্টারন্যাশনাল-এর সম্মানিত কান্ট্রি ডিরেক্টর ডাঃ মুনির সহ তার প্রতিনিধি দল ২৮ ডিসেম্বর ২০২৫ ইং তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন করেন। পরিদর্শনকালে হাসপাতালের চিকিৎসা সেবা, আধুনিক যন্ত্রপাতি, রোগী ব্যবস্থাপনা, পরিচ্ছন্নতা এবং সার্বিক কার্যক্রম ঘুরে দেখেন তারা। পরিদর্শন শেষে অরবিস ইন্টারন্যাশনাল কর্তৃপক্ষ গাক চক্ষু হাসপাতালের মানসম্মত সেবা, দক্ষ চিকিৎসক ও কর্মীদের আন্তরিকতা এবং সুসংগঠিত ব্যবস্থাপনায় সন্তুষ্টি প্রকাশ করেন। বিশেষ করে স্বল্প খরচে ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য উন্নত চক্ষু চিকিৎসা সেবা প্রদানের উদ্যোগের প্রশংসা করেন তারা। এই পরিদর্শন গাক চক্ষু হাসপাতালের জন্য একটি গর্বের মুহূর্ত এবং ভবিষ্যতে আন্তর্জাতিক সহযোগিতা আরও সুদৃঢ় হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। চক্ষু সেবায় মানবিকতা ও পেশাদারিত্বের এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকুক গাক চক্ষু হাসপাতাল।




## গাক চক্ষু হাসপাতাল, বগুড়ার উদ্যোগে দিনব্যাপী বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও ছানি অপারেশন ক্যাম্প

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া ও লায়ন্স ক্লাব অব বগুড়ার সহযোগিতায় একটি দিনব্যাপী বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও ছানি অপারেশন ক্যাম্প ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে সাবগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে, সাবগ্রাম, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত ফ্রি চক্ষু পরীক্ষা ও ছানি অপারেশন ক্যাম্পে সভাপতিত্ব করেন মোঃ ফরিদ উদ্দিন সরকার, চেয়ারম্যান, সাবগ্রাম ইউনিয়ন পরিষদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন একরামুল কবির সন্টু, রিজিওন চেয়ারপার্সন (হেডকোয়ার্টার) ও বিশিষ্ট ব্যবসায়ী, বগুড়া। ক্যাম্পে বিপুল সংখ্যক সাধারণ মানুষ চক্ষু পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা সেবা গ্রহণ করেন। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের গণ্যমান্য ব্যক্তি ও স্থানীয় জনগণ উপস্থিত থেকে এ মানবিক উদ্যোগকে সফল করতে সহযোগিতা করেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## গাক-এর আয়োজনে উচ্চ মূল্যের ফসল উৎপাদনে “নিরাপদ সবজি উৎপাদন ক্লাস্টার” প্রদর্শনী

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর আয়োজনে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় কৃষি ইউনিটভুক্ত (কৃষিখাত) কার্যক্রমের আওতায় উচ্চ মূল্যের ফসল উৎপাদন শীর্ষক একটি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। উক্ত প্রদর্শনীর নাম ছিল “নিরাপদ সবজি উৎপাদন ক্লাস্টার”। প্রদর্শনীতে নিরাপদ ও পরিবেশবান্ধব সবজি উৎপাদনের জন্য বিভিন্ন আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তি উপস্থাপন করা হয়। ব্যবহৃত প্রযুক্তিসমূহের মধ্যে ছিল- জৈব সার, ফেরোমন ফাঁদ, রঙিন ফাঁদ, বিষটোপ এবং GAP (Good Agricultural Practices)। এই প্রদর্শনীতে ফসল হিসেবে বেগুন প্রদর্শিত হয়, যার জাত ছিল “তুলাসন”। এর মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদন, উৎপাদন ব্যয় কমানো এবং বাজারে ভোক্তা চাহিদা পূরণে কৃষকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য নেওয়া হয়। এ ধরনের উদ্যোগের মাধ্যমে কৃষিতে নিরাপদ উৎপাদন ব্যবস্থা সম্প্রসারণ ও কৃষকদের আয় বৃদ্ধিতে গাক তার কার্যক্রম অব্যাহত রেখেছে।




## গাক-এর আয়োজনে কৃষি ইউনিটের আওতায় উচ্চ মূল্যের ফল উৎপাদন শীর্ষক প্রদর্শনী

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর আয়োজনে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক ও কারিগরি সহায়তায় কৃষি ইউনিটভুক্ত (কৃষিখাত) কার্যক্রমের আওতায় উচ্চ মূল্যের ফল উৎপাদন শীর্ষক একটি প্রদর্শনী আয়োজন করা হয়। এই প্রদর্শনীতে উচ্চ মূল্যের ফল হিসেবে বরই ফসল প্রদর্শিত হয়, যার জাত ছিল “ভারত সুন্দরী”। প্রদর্শনীর মাধ্যমে উন্নত জাতের ফল উৎপাদন, আধুনিক চাষ পদ্ধতি এবং সম্ভাব্য বাজারমূল্য সম্পর্কে কৃষক ও সংশ্লিষ্টদের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। এ ধরনের উদ্যোগের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি, কৃষিতে বৈচিত্র্য আনা এবং টেকসই কৃষি উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে গাক তার কার্যক্রম অব্যাহত রেখেছে।



## গাক-এর প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী এএমদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগ কর্তৃক এএমদের জন্য আয়োজিত দুই দিনব্যাপী “বাৎসরিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নে এএম'দের ভূমিকা ও কর্মসূচির শৃঙ্খলা প্রতিষ্ঠায় করণীয়” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ১৩-১৪ ডিসেম্বর ২০২৫ তারিখে গাক টাওয়ার, বনানী, বগুড়ার প্রশিক্ষণ কক্ষে সফলভাবে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন গাক-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক-এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এসময় আরও উপস্থিত ছিলেন পরিচালক (মনিটরিং অ্যান্ড রিভিউ) হজ্বকিল মোঃ আবু হাসান, পরিচালক (এসএমএপি) মোঃ হুমায়ুন খালেদ, যুগ্ম পরিচালক (ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস) মোঃ খোরশেদ, সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার এবং কো-অর্ডিনেটর (মানব সম্পদ বিভাগ) মোঃ সাহিদুল ইসলাম।

## গাক চক্ষু হাসপাতাল উত্তরা: স্টাফ মূল্যায়ন পরীক্ষার ফলাফল ও পুরস্কার বিতরণী উৎসব



গাক চক্ষু হাসপাতাল উত্তরা সম্প্রতি আয়োজন করেছে একটি বিশেষ অনুষ্ঠান, যেখানে হাসপাতালের স্টাফদের মূল্যায়ন পরীক্ষার ফলাফল প্রকাশ এবং পুরস্কার বিতরণী সম্পন্ন হয়। এই আয়োজনটি ছিল হাসপাতালের কর্মীদের দক্ষতা, পরিশ্রম ও দায়িত্বশীলতার স্বীকৃতি প্রদানের এক অনন্য উদাহরণ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর মোঃ রশিদুল ইসলাম রেজা। তিনি কর্মীদের সাফল্যকে প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও উন্নত সেবা প্রদানের জন্য উৎসাহিত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ডা. মোঃ আল রাজী, চিফ কনসালট্যান্ট, ডা. রুবাইয়াত বিনতে আহসান, কনসালট্যান্ট, ডা. তমা খন্দকার, জুনিয়র কনসালট্যান্ট, এ কে এম ফিরোজ আলম সাইফুল্লাহ, জেনারেল ম্যানেজার। তাঁরা সবাই কর্মীদের পেশাগত উন্নয়ন ও রোগীদের প্রতি আন্তরিক সেবার গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাসপাতালের ম্যানেজার মোঃ মোতাহারুল ইসলাম। তাঁর প্রাণবন্ত উপস্থাপনা পুরো অনুষ্ঠানকে আরও আকর্ষণীয় করে তোলে। স্টাফদের মধ্যে যারা পরীক্ষায় উৎকৃষ্ট ফলাফল অর্জন করেছেন, তাঁদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা আনন্দ ও গর্বের সঙ্গে মঞ্চে আসেন, যা পুরো পরিবেশকে উৎসবমুখর করে তোলে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৫) সংখ্যা ১১



## বগুড়ায় বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ কর্তৃক গাক SMART Machinery & Equipment প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

বিশ্ব ব্যাংক এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Sustainable Microenterprise And Resilient Transformation (SMART) Project এর আওতায় "Promoting sustainable growth in machinery and equipment sub-sector through Resource Efficient and Cleaner Production (RECP) practices শীর্ষক উপ-প্রকল্পটি বগুড়া ও নওগাঁ জেলার ৯টি উপজেলায় লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরের ১০০০ জন উদ্যোক্তা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় ১৪ অক্টোবর ২০২৫ ইং তারিখ বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ'র উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল গাক'র SMART Machinery & Equipment প্রকল্পের আওতায় উপ-প্রকল্পের বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর প্রতিনিধিবৃন্দ বেলা ২ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয় গাক টাওয়ার, বনানীতে আগমন করেন এবং আগত অতিথিবৃন্দকে সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম ফুল দিয়ে অভ্যর্থনা জ্ঞাপন করেন। এরপর সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ড রুমে সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের অংশগ্রহনে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় বিশ্বব্যাংক এর প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন টাস্ক টিম লিডার কেইসুকে ইয়াডোমি, পরিবেশ বিশেষজ্ঞ (বিশ্বব্যাংক) শার্লিন হোসেন, ও টিম অ্যাসোসিয়েট (বিশ্বব্যাংক) অলিভিয়া বিশ্বাস। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন স্মার্ট প্রকল্পের প্রজেক্ট কো-অর্ডিনেটর গোকুল চন্দ্র বিশ্বাস, ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর মোঃ রওশন হাবিব, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুহাম্মদ খালেদ আমিনুল হাসান, পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ মোঃ শফিউল ইসলাম। কেইসুকে ইয়াডোমি বলেন- "RECP কার্যক্রমের মাধ্যমে স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থার উন্নয়ন অত্যন্ত প্রশংসনীয়। গাক-এর উদ্যোগ বাস্তবায়নের মান ও প্রভাব আমাদের প্রত্যাশার চেয়েও বেশি। শার্লিন হোসেন বলেন- "কারখানাগুলোর পরিবেশ উন্নয়ন, বিদ্যুৎ সাশ্রয়, এবং শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষায় গৃহীত পদক্ষেপগুলো সত্যিই অনুকরণীয়। এই প্রকল্পের মাধ্যমে টেকসই উন্নয়ন সম্ভব। অলিভিয়া বিশ্বাস বলেন- "স্থানীয় পর্যায়ে এমন কার্যকর উদ্যোগ বিশ্বব্যাংকের লক্ষ্য পূরণে সহায়ক। আমরা ভবিষ্যতে আরও সহযোগিতার আশাবাদী। আলোচনা সভায় গাক'র সহকারী পরিচালক মোঃ জিয়া উদ্দিন সরদার SMART প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন করেন।আলোচনা সভা শেষে প্রতিনিধিবৃন্দ SMART প্রকল্পের আওতায় লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে স্থাপিত তিনটি মডেল ওয়ার্কশপ রিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, রেদওয়ান ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ও হক মেটাল ওয়ার্কশপ পরিদর্শন করেন। পরিদর্শন কালে মডেল ওয়ার্কশপগুলোতে RECP কার্যক্রম বাস্তবায়ন বিশেষ করে বিদ্যুত সাশ্রয়ের জন্য এইডি বাল্ব এর ব্যবহার , Power Factor Improvement, সোলার প্যানেল, ট্রান্সপারেন্ট টিন, কারখানার তাপমাত্রা নিয়ন্ত্রনে এডজাষ্ট ফ্যান, ভেন্টিলেশন, ইনসুলেশন স্থাপন, বর্জ্য ব্যবস্থাপনা সহ কারখানার পরিবেশের উন্নয়ন ও শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ব্যবহার নিশ্চিত করণের জন্য সন্তোষ্টি প্রকাশ ও কারখানা কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।



## গাক-এর মাননীয় নির্বাহী পরিচালক এর গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন

গাক-এর মাননীয় নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন আজ গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন করেন। এই পরিদর্শন আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনুপ্রেরণাদায়ক ছিল। হাসপাতালের সার্বিক কার্যক্রম, চিকিৎসাসেবা ও ব্যবস্থাপনা উন্নয়নে তাঁর দিকনির্দেশনা, পরামর্শ এবং আন্তরিক আগ্রহ ভবিষ্যতে সেবার মান আরও উন্নত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা বিশ্বাস করি। এছাড়াও এ উপলক্ষে আমাদের প্রতিষ্ঠানে সদ্য যোগদানকারী সম্মানিত চিকিৎসককে জানাই আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ স্বাগতম। তাঁর মেধা, অভিজ্ঞতা ও পেশাদারিত্বের মাধ্যমে রোগীসেবায় নতুন গতি ও মান যোগ হবে-এমনটাই আমাদের প্রত্যাশা। মানসম্মত ও মানবিক চিকিৎসাসেবা নিশ্চিত করতে সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা আরও এগিয়ে যেতে পারব-ইনশাআল্লাহ।



## রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের জিগ্যালোর বগুড়া আউটলেট পরিদর্শন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধি দল জিগ্যালোর বগুড়া আউটলেট পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রতিনিধি দল আউটলেটটির সার্বিক কার্যক্রম, ব্যবস্থাপনা পদ্ধতি, উৎপাদন ও সেবার মান সম্পর্কে সরেজমিনে অবহিত হন। এসময় গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম উপস্থিত থেকে প্রতিনিধিদলকে আউটলেটের কার্যক্রম, ব্যবসায়িক মডেল এবং সেবার মান উন্নয়নে গৃহীত উদ্যোগসমূহ সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। পরিদর্শনকালে উদ্যোক্তা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই ব্যবসা ব্যবস্থাপনা নিয়ে গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়।